NYSED.gov



# NYSITELL অভিভাবক ইনফরমেশন প্রচারপত্র

Bengali | August 2015

**নিউ ইয়র্ক স্টেট পাবলিক স্কুল সিস্টেমে স্বাগতম! নিউইয়র্ক স্টেট শিক্ষা বিভাগের বাইলিঙ্গুয়াল এডুকেশন ও বিশ্ব ভাষা অফিসের লক্ষ্য হলো নিউ ইয়র্ক স্টেটের ইংরেজী ভাষা শিক্ষার্থী ও বহু ভাষা শিক্ষার্থী সহ সকল শিক্ষার্থীরা সর্বোচ্চ একাডেমিক সাফল্য ও ভাষার সাবলিলতা অর্জন করতে পারে। আমরা চেষ্টা করছি যাতে সকল ছাত্রছাত্রী বহু ভাষার দ্বারা তাদের পৃথক শিক্ষার পথ এবং সামাজিক-মানসিক চাহিদা পূরণের মাধ্যমে কলেজ ও কর্মজীবনের প্রস্তুতি নিশ্চিত করতে পারে।**

## সূচনা

স্কুলে ভর্তির সময় আপনি যদি উল্লেখ করেন যে আপনার সন্তানের বাড়ীর ভাষা ও প্রাথমিক ভাষা ইংরেজী ছাড়া অন্য কিছু। ভর্তিকালে একজন শিক্ষাবিদ ইন্টারভিউ নিয়ে যদি বুঝতে পারে যে আপনার সন্তানের জন্য ইংরেজী ভাষায় অতিরিক্ত সহায়তা প্রয়োজন। এবং ইন্টারভিউয়ের সময় যে সকল তথ্য সংগ্রহ করা হয় তার ভিত্তিতে আপনার সন্তানকে যদি সাম্ভাব্য ELLs/MLL হিসাবে সনাক্ত করা হয় তাহলে আপনার সন্তান ELL সেবা পাওয়ার যোগ্য। আপনার সন্তান ইংরেজীতে অতিরিক্ত সহায়তা পাবে কিনা সেটা নিশ্চিত হওয়ার জন্য তাকে নিউ ইয়র্ক স্টেট ইংরেজীভাষা সনাক্তকারী টেস্ট (NYSITELL) দেয়া হবে।

## NYSITELL এর উদ্দেশ্য কি?

NYSITELL এর উদ্দেশ্য হলো নতুন শিক্ষার্থীদের ইংরেজি ভাষার লেভেল মূল্যায়ন করা। NYSITELL এ আপনার সন্তানের স্কোর (এন্টারিং, ইমার্জিং, রূপান্তর, সম্প্রসারণ, বা কমান্ডিং) নির্ধারণ করে যে আপনার সন্তান ELL সেবা পাবে কিনা বা পেলে কোন লেভেলের সেবা সে পাওয়ার যোগ্য। ছাত্রদের ইংরেজী শোনা, বলা, পড়া লেখার ক্ষেত্রে কোন কর্মসূচী নিতে হবে তা নির্ধারনের ক্ষেত্রেও NYSITELL এর পরীক্ষার ফল শিক্ষকদের সাহায্য করে।

## যখন NYSITELL দেওয়া হয়?

নিউইয়র্ক স্টেট স্কুল সিস্টেমে রেজিস্ট্রেশনের পর সাম্ভাব্য ELLs/MLLs শিক্ষার্থীদের NYSITELL পরীক্ষা দেয়া হয়।

## ছাত্রছাত্রীদের কী ধরনের প্রশ্ন জিজ্ঞাসা করা হবে?

টেস্টে মাল্টিপল চয়েস, লেখার মাধ্যমে সংক্ষিপ্ত আকারে মনের ভাব প্রকাশ করা, মনের ভাব প্রকাশের জন্য বিস্তারিত লিখিত, মৌখিক প্রশ্নের উত্তর, মুখে বলা, পড়া ও লেখা।

## কিভাবে ফলাফল পেতে পারি?

যে স্কুলে আপনার সন্তান ভর্তি হয় সেখান থেকে আপনি প্যারেন্ট নোটিফিকেশন চিঠি পাবেন, সে চিঠি থেকে জানতে পারবেন যে আপনার সন্তানের লেভেল কি এবং অতিরিক্ত আর কিছু করতে হবে কি না। আপনার সন্তান যদি ELLs/MLLs এর জন্য নির্বাচিত হয় তা হলে আপনাকে একটা ওরিয়েন্টেশনে অংশ গ্রহন করতে হবে সেখান থেকে আপনি জানতে পারবেন যে কি কি ধরনের ELL কার্য্যক্রম আছে।

### দক্ষতা মাত্রা কি?

আপনার সন্তান ELL সেবা পাবে কি না তা নির্ধারিত হয় আপনার সন্তানের প্রাপ্ত স্কোর থেকে। নীচের টেবিলে বিভিন্ন ধরনের দক্ষতা লেভেল বর্ননা করা হলো:

| লেভেল | ইংরেজি ভাষা দক্ষতা লেভেলের বর্ণনা | |
|---|---|---|
| প্রবেশ (শুরু) | স্কুলে ভর্তির সময়ে একজন ছাত্র সাহায্যের উপর নির্ভরশীল থাকে ও, অগ্রীম প্রাতিষ্ঠানিক ভাষাগত দক্ষতা ও বিভিন্ন ধরনের প্রাতিষ্ঠানিক সেটিংসের জন্য ইংরেজী ভাষা দক্ষতার চাহিদার শর্ত পুরণের উপর খুব নির্ভরশীল থাকে। | পরিসেবার জন্য যোগ্য |
| উঠতি (নিম্ন মাধ্যমিক) | একজন ছাত্র উঠতি পর্যায়ে একাডেমিক ভাষা দক্ষতার জন্য আগাম সমর্থন ও কাঠামোগত ইংরেজী ভাষায় দক্ষতার উপর নির্ভরতা এবং প্রাতিষ্ঠানিক পর্যায়ে ইংরেজী ভাষায় দক্ষতা পূরণ করতে না পারা। | |
| স্থানান্তরণ (ইন্টারমিডিয়েট) | রূপান্তরের পর্যায়ে একজন ছাত্র একাডেমিক ভাষা দক্ষতা অগ্রগতির ক্ষেত্রে স্বনির্ভরতা দেখায়, কিন্তু একাডেমিক প্রেক্ষিতে (সেটিংস) বিভিন্ন ইংরেজি ভাষা দক্ষতা প্রদর্শন করা প্রয়োজনমত ভাষাগত চাহিদাগুলি পূরণ করতে সক্ষম না। | |
| সম্প্রসারিত (এডভান্সড) | এডভান্সড পর্যায়ে একজন ছাত্র একাডেমিক ভাষা দক্ষতায় স্বনির্ভরতা এবং বিভিন্ন একাডেমিক প্রেক্ষিতে (সেটিংস) ইংরেজি ভাষায় দক্ষতা প্রদর্শন করে। | |

### কে এই পরীক্ষা পরিচালনা এবং স্কোর করে?

NYSITELL যোগ্যতাসম্পন্ন নিউ ইয়র্ক স্টেট শিক্ষাবিদদের দ্বারা পরিচালিত ও স্কোর করা হয়

### আমার সন্তানের IEP থাকলে NYSITELL সময় সে কি এরিয়া টেষ্টিং একোমোডেশন পাবে?

হ্যা, NYSITELL সময় ছাত্রের IEP অনুযায়ী টেষ্টিং একোমোডেশন পাবে। আপনার সন্তান কি ধরনের একোমোডেশন পাওয়ার উপযোগী সেটা জানার জন্য আপনার সন্তানের শিক্ষকের সাথে যোগাযোগ করুন।

### আমার সন্তান একবার ELL/MLL হিসাবে চিহ্নিত হলে কি সেবা পাওয়ার উপযোগী হবে?

আপনার সন্তান **ELL/MLL** হিসেবে চিহ্নিত হলে যে সব সেবা পাওয়ার জন্য যোগ্য হয়: বাইলিঙ্গুয়াল শিক্ষা (ট্রাঞ্জিশনাল বা দৈত ভাষা) এবং/বা নতুন ভাষা হিসাবে ইংরেজী **(ENL)** সেবা পাওয়ার জন্য যোগ্য হয়। আপনার সন্তানের দক্ষতা লেভেল অনুযায়ী নির্ধারিত হয় যে শ্রেণী কক্ষে সপ্তাহে কত মিনিট **ELL** সেবা পাবে। দক্ষতা লেভেল অনুযায়ী কত মিনিট সেবা পাবে তা বুঝতে নিচের চার্ট দেখুন:

| লেভেল | K-৪ গ্রেড পর্যন্ত সপ্তাহে ENL শিক্ষা | **9-12** গ্রেড পর্যন্ত সপ্তাহে ENL শিক্ষা | যে সব ছাত্র বাইলিঙ্গুয়াল প্রগ্রামে আছে |
|---|---|---|---|
| প্রবেশ (শুরু) | ৩৬০ মিনিট | ৫৪০ মিনিট | • ১ ঘন্টা হোম ল্যাঙ্গুয়েজ আর্ট কোর্স<br>• নুন্যতম দুই ঘন্টা বাইলিঙ্গুয়াল কনটেন্ট এরিয়া সাবজেক্ট |
| উঠতি (নিম্ন মাধ্যমিক) | ৩৬০ মিনিট | ৩৬০ মিনিট | • ১ ঘন্টা হোম ল্যাঙ্গুয়েজ আর্ট কোর্স<br>• নুন্যতম দুই ঘন্টা বাইলিঙ্গুয়াল কনটেন্ট এরিয়া সাবজেক্ট |
| স্থানান্তরণ (ইন্টারমিডিয়েট) | ১৮০ মিনিট | ১৮০ মিনিট | • ১ ঘন্টা হোম ল্যাঙ্গুয়েজ আর্ট কোর্স<br>• নুন্যতম এক ঘন্টা বাইলিঙ্গুয়াল কনটেন্ট এরিয়া সাবজেক্ট |
| সম্প্রসারিত (এডভান্সড) | ১৮০ মিনিট | ১৮০ মিনিট | • ১ ঘন্টা হোম ল্যাঙ্গুয়েজ আর্ট কোর্স<br>• নুন্যতম এক ঘন্টা বাইলিঙ্গুয়াল কনটেন্ট এরিয়া সাবজেক্ট |

### ফলাফল জানার পর আমি কি ভাবে বাড়ীতে সাহায্য করতে পারি?

- আপনার সন্তানের বাড়ীর/ প্রাথমিক ভাষার এবং/বা ইংরেজী পড়া (গবেষনায় দেখা গেছে যে বাড়ীর ভাষায় পড়লে ইংরেজী ভাষার দক্ষতা বাড়তে সহায়ক হয়)।
- আপনার সন্তানকে তার বাড়ীর/ প্রাথমিক ভাষায় গল্প বলুন।
- স্থানীয় লাইব্রেরীতে যান এবং আপনার হোম / প্রাথমিক ভাষা বা ইংরেজি অডিও বই ধার করুন।
- আপনার স্কুল দ্বারা নির্ধারিত অভিভাবক- শিক্ষক সভায় যোগ দিন।
- আপনি আপনার সন্তানের সাফল্যের জন্য সহায়তা করতে কি করতে হবে তা শিখতে আপনার সন্তানের শিক্ষকের সাথে একা একা মিটিং করুন।
- সম্ভব হলে নিরিবিলি ও ঝামেলামুক্ত জায়গায় আপনার সন্তানের হোম ওয়ার্ক করার জন্য প্রতিদিন সময় নির্ধারণ করুন।
- স্বপরিবারে মিউজিয়ামে যাওয়ার পরিকল্পনা করুন। মিউজিয়ামের গাইড আপনার সন্তান সহ আপনাদের বিভিন্ন প্রদর্শনীর বিষয়ে সাহায্য করবে।
- লাইব্রেরী ও মিউজিয়ামে অনেক সময় ক্লাশে ভালো করার জন্য স্কুলের পরে বা সাপ্তাহিক দিনে ফ্রি বা কম খরচে ক্লাশের ব্যবস্থা করে থাকে।

ELL উত্থ সার্ভিস সম্পর্কে প্রশ্ন থাকলে যোগাযোগ করুন:
nysparenthotline@nyu.edu
ELL প্যারেন্ট হট লাইন: (800) 469-8224

অতিরিক্ত প্রশ্ন?
প্রশ্ন ও মন্তব্য বাইলিঙ্গুয়াল এডুকেশন ও ওয়ার্ড ল্যাঙ্গুয়েজ অফিসে পাঠান:
OBEFLS@nysed.gov
অথবা কল করুন:718-722-2445
NYSITELL সম্পর্কে অধিক তথ্যের জন্য ভিজিট করুন:
http://www.p12.nysed.gov/assessment/nysitell/

NYSED.gov